

'জেলীয় বর্ণন'

বরাবর
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

মাধ্যম : যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়- শুন্য পদে বদলীর আবেদন।

জনাব

বিনীত নিবেদন এই যে, আমি বর্তমানে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার হিসেবে পঞ্চগড় জেলায় কর্মরত আছি। আমার নিজ জেলা কুড়িগ্রাম। ইতোপূর্বে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার হিসেবে পটুয়াখালী জেলায় প্রায় এক বছর দুই মাস দায়িত্ব পালনের পর আমাকে গত ফেব্রুয়ারি ২০১৯ মাসে রংপুর জেলায় বদলী করা হয়। রংপুরে সুনামের সাথে দায়িত্ব পালন করা সত্ত্বেও আগস্ট ২০১৯ মাসে পঞ্চগড় জেলায় বদলীর আদেশ প্রদান করা হয়। বদলীর কারণ ভুল প্রমাণিত হওয়ায় তা বাতিলও করা হয়। পরবর্তীতে আবারও বদলীর আদেশের প্রেক্ষিতে গত ১৭/১০/২০১৯ তারিখ পঞ্চগড়ে যোগদান করি। কিন্তু মহোদয়, রংপুর জেলায় কর্মরত থাকাকালীন আমার পরিবার পরিজনকে রংপুরে স্থানান্তর করি। আমার দুই সন্তান, রংপুর শহরের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত এবং দুইজনই হথাক্রমে এইচএসসি ও এসএসসি পরীক্ষার্থী। আমার অসুস্থ বৃন্দা (১৮ বছর) মাকে সুচিকিৎসা দেয়ার জন্য রংপুরে রাখতে হয়। সম্পত্তি নীলফামারী জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের পদটি শুন্য হওয়ায় এবং রংপুর হতে অপেক্ষাকৃত নিকটবর্তী হওয়ায় আমি নীলফামারী জেলায় বদলী হতে ইচ্ছুক।

এমতাবস্থায়, অনুগ্রহপূর্বক আমাকে পঞ্চগড় হতে নীলফামারী জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার পদে বদলীর আদেশ প্রদান করে বাধিত করবেন।

তারিখ-২৮/১১/২০১৯

নিবেদক -


মো: শহীদুল ইসলাম
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
পঞ্চগড়